



স্থানীয় সেবাদানকারীদের ১-দিনের প্রশিক্ষণঃ পাওয়ার টিলার অপারেটেড সীডার (পিটিওএস)

ফ্লিপ চার্ট

সেশন-১ঃ পিটিওএস মেশিনের পরিচিতি




পাওয়ার টিলার অপারেটেড সীডার মেশিন কি?



- পিটিওএস মেশিনটি ২-চাকা বিশিষ্ট পাওয়ার টিলারের (ডংফেং বা সাইফেং) পিছনে সংযোজন করে ব্যবহার করা যায়।
- পিটিওএস মেশিনটি একই সাথে জমি তৈরি, লাইনে বীজ বপন ও সার প্রয়োগ করে।
- পিটিওএস মেশিনটিতে ৪৮ টি ফাল থাকে (সাধারণ পাওয়ার টিলারে ১৮ টি ফাল থাকে)
- পিটিওএস জমি তৈরি ও বীজ বপনের সময় বাঁচায়
- পিটিওএস মেশিন দিয়ে জমি তৈরি ও বীজ বপনে কৃষক এবং মেশিনের মালিক উভয়েই লাভবান হতে পারেন



পাওয়ার টিলার অপারেটেড সীডার মেশিন কি?

- বেশিরভাগ পিটিওএস মেশিন ১.২ মিটার চওড়া, তবে কিছু মেশিন আছে যেগুলো ১ মিটার চওড়া
- চাষের গভীরতা বাড়ানো বা কমানো যায়, তবে চাষের গভীরতা সর্বোচ্চ ৬ সে.মি. হবে
- পিটিওএস-এর ওজন সাধারণতঃ ১৪৫ কেজি হয়ে থাকে
- পাওয়ার টিলার জমি তৈরি করতে ২-৪ বার চাষ (পাস) দেওয়া লাগে, অপর পক্ষে পিটিওএস দিয়ে ১ চাষে (পাসে) জমি তৈরি হয়ে যায়




পিটিওএস যন্ত্রটি দিয়ে কি কি ফসল বোনা যায়?

পিটিওএস যন্ত্রটি দিয়ে ধান, গম, যব, ভুট্টা, মুগডাল, ছোলা, তিল, পাট, সরিষাসহ অন্যান্য ফসল সারিতে/পুরো জমি চাষ করে (**Full tillage**) বীজ বপন করা যায়।



পিটিওএস মেশিন দিয়ে সারিতে বপনের সুবিধা

- একই সারিতে সার-বীজ পড়ে তাই গাছ খুব ভালোভাবে সার গ্রহণ করতে পারে।



- সমান গভীরতায় বীজ বপন করে তাই বীজের অঙ্কুরোদগম ও চারার বৃদ্ধি ভাল হয়
- সহজেই জমির ভিতর প্রবেশ করা যায়, তাই ভালভাবে আগাছা দমন ও আন্যান্য পরিচর্যা করা যায়
- পিটিওএস-এর মাধ্যমে সহজেই ফসলের **কাংখিত** ঘনত্ব নিশ্চিত করা যায়, যা ফসলের ফলন বাড়াতে সহায়তা করে।

